

# nextblock autoclaved

ECO FRIENDLY
GREEN BRICKS

tilottoma
গ্রুপের একটি প্রতিষ্ঠান

## প্রতিষ্ঠান পরিচিতি

**“তিলোত্তমা বাংলা গ্রুপ”** এর একটি অঙ্গপ্রতিষ্ঠান **“ইকো-ফ্রেন্ডলি গ্রিন ব্রিকস লিমিটেড”**। প্রতিষ্ঠার পর থেকেই বাংলাদেশে নির্মাণ সামগ্রী নিয়ে কাজ করছে তিলোত্তমা এবং গ্রাহকদের কাছে মানসম্পন্ন ও নির্ভরযোগ্য পণ্য সরবরাহ করাই প্রতিষ্ঠানটির মূল উদ্দেশ্য।

প্রাকৃতিক সৌন্দর্যঘেরা সবুজের দেশ হিসেবে একসময় বাংলাদেশের পরিচিতি ছিলো। প্রতিনিয়ত ক্ষতিকারক কার্বনের অতি নিঃসরণ বাংলাদেশে চরম জলবায়ু পরিবর্তন ঘটাচ্ছে এবং ক্রমশ হারিয়ে যাচ্ছে সবুজ পরিবেশ।

সবুজ বাংলাদেশ গড়তে প্রধানমন্ত্রীর ভিশন বাস্তবায়ন করাকে বিবেচনা করে তিলোত্তমা গ্রুপ পরিবেশবান্ধব নির্মাণ সামগ্রী উৎপাদনের উদ্যোগ নেয়, যা পরিবেশের জন্য ক্ষতিকারক সমস্ত পণ্যকে প্রতিস্থাপন করতে পারে। আর এই অনুসন্ধান থেকেই তিলোত্তমা জার্মানিতে এএসি ব্লক খুঁজে পায়, যা ১৯২০ সালে সুইডেন কর্তৃক পেটেন্ট হয়। তবে নতুন প্রযুক্তি হওয়ার কারণে বাংলাদেশে এএসি ব্লক আনা বেশ কষ্টসাপেক্ষ ছিলো।

বিভিন্ন দেশে গিয়ে বিশ্লেষণ ও গবেষণার পর আগামী প্রজন্মের জন্য সবুজ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে অবশেষে যৌথভাবে দেশে প্রথমবারের মতো “নেক্সটব্লক অটোক্লেভড্” নামে এএসি ব্লক উৎপাদন শুরু করে **“ইকো-ফ্রেন্ডলি গ্রিন ব্রিকস লিমিটেড”** ও চায়নার "**চাও হেং ইনভেস্টমেন্ট লিমিটেড**"।

নেক্সটব্লক-এর মতো পরিবেশবান্ধব পণ্য ব্যবহারের মাধ্যমে সবুজ প্রকৃতি ফিরে পাবে বাংলাদেশ, এই প্রত্যাশা রেখে এই ধরনের খাতে বিনিয়োগের জন্য সকলের প্রতিই আমাদের দৃঢ় আহ্বান।

## অটোক্লেভ এরেটেড কংক্রিট (এএসি) ব্লক কী?

১৯২০ সালে সুইডিশ স্থপতিদের সম্মিলিত প্রচেষ্টায় এএসি ব্লক উদ্ভাবিত হয়। এরপর ১৯৯০ এর দশকে প্রযুক্তিটি চীনে স্থানান্তরিত হয়। এএসি ব্লক উৎপাদনে মৌলিক উপাদান হিসাবে ব্যবহৃত হয় বালি, সিমেন্ট, চুনাপাথর এবং পানি।
এএসি ব্লক ওজনে হালকা, প্রিকাস্ট নির্মাণ সামগ্রী যা স্থাপনার ভেতরের এবং বাইরের দেয়াল তৈরির জন্য উপযুক্ত। এএসি ব্লক স্থাপনাকে একযোগে তাপ নিরোধী, অগ্নি প্রতিরোধী এবং কাঠামোগত স্থিতিশীলতা প্রদান করে। ক্রমাগত চাহিদার কারণে আমেরিকা, ইউরোপ এবং এশিয়ার মতো মহাদেশগুলোতে বর্তমানে আবাসিক এবং বাণিজ্যিক ভবন নির্মাণের জন্য ব্যাপক পরিসরে এএসি ব্লক উৎপাদিত হচ্ছে।

এশিয়া এবং দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে ক্রমশ জনপ্রিয় হয়ে উঠছে এই এএসি ব্লক। অনন্য গুনাবলীর কারণে অনেক উন্নত এবং উনয়নশীল দেশ যেমনঃ জার্মানি, রাশিয়া, চায়না, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ভারত, থাইল্যান্ড এবং আরও অনেক দেশে এএসি ব্লক ব্যাপকভাবে ব্যবহার হচ্ছে। আবাসিক ভবন, হোটেল, কারখানা, হাসপাতাল এবং বাণিজ্যিক কমপ্লেক্সের দেয়াল নির্মাণের জন্য ইতিমধ্যেই প্রকৌশলীদের পছন্দের তালিকায় প্রথম স্থান অর্জন করে নিয়েছে এএসি ব্লক।



## নেক্সটব্লক যেভাবে খরচ কমায়

কম খরচে ও দ্রুত সময়ে দেয়াল নির্মাণের সেরা সল্যুশন নেক্সটব্লক অটোক্লেভড্-এর এএসি ব্লক। প্রতিটি ব্লক ৭টি সাধারণ ইটের সমতুল্য। এএসি ব্লক দিয়ে সহজেই দেয়াল নির্মাণ করা যায় ও প্রয়োজনীয় নির্দিষ্ট আকারে কাটা যায়। যার ফলে দেয়াল নির্মাণে অপচয় কম হয়।

- ফাউন্ডেশন খরচ কমে
- প্লাস্টার খরচ কমে
- কাজের গতি বাড়ে প্রায় দ্বিগুণ
- কেটে ব্যবহার করা যায় তাই নেই অপচয়
- স্থাপনা নির্মাণে সামগ্রিক ব্যয় কমে ২০%
- ১টি এএসি ব্লক = ৭টি সাধারণ ইট

সাধারণ ইটে নির্মিত ভবন »



« নেক্সটব্লক-এ নির্মিত ভবন

**নেক্সটব্লক-এ করুন স্থাপনা নির্মাণ**
**২০% পর্যন্ত খরচ বাঁচান**

## এএসি ব্লক-এর প্রযুক্তিগত বৈশিষ্ট্য

| প্রযুক্তিগত বৈশিষ্ট্য | | | |
|---|---|---|---|
| **বিষয়** | **একক** | **বিবরণ** | **এএসটিএম কোড** |
| সাইজ | mm | দৈর্ঘ্য: ৬০০ মি.মি.<br>উচ্চতা: ২০০, ২৪০, ৩০০ মি.মি.<br>প্রস্থ: ১০০, ১১০, ১২০, ১৫০, ২০০, ২৪০, ৩০০ মি.মি. | সি- ১৩৮৬ |
| কম্প্রেসিভ স্ট্রেংথ | MPa | ৪-৬ | সি- ১৩৮৬ |
| ড্রাই ডেনসিটি | Kg/m3 | ৬৫০-১০০০ | সি- ১৩৮৬ |
| থারমাল কন্ডাক্টিভিটি | W/m-K | সর্বোচ্চ ০.১২ | ডি ৭৩৪০ |
| আগুন প্রতিরোধী | hrs. | ৪.৫ | ই ১১৯ |
| শব্দ নিরোধক | dB | ৩৮ (২৫০ মি.মি. দেয়ালের জন্য) | ই ৯০ |

# নেক্সটব্লক অটোক্লেভড্ কেন ব্যবহার করবেন?

সহজে ব্যবহারযোগ্য

সাশ্রয়ী

পরিবেশবান্ধব

ওজনে হালকা


আকারে সঠিক


আগুন প্রতিরোধী

তাপ পরিবাহিতা

শব্দ নিরোধক





## দেশে আমাদের সম্মানিত গ্রাহক

| | | |
|---|---|---|
| BH Bengal Hurricane Group | Rupayan Group | Bashundhara Group — For the People, for the Country |
| Ranks FC properties | Delvistaa Foundation | United Group |
| Cube Holdings limited | Sam Agro | DPS STS School Dhaka |
| bashati consortium limited | Quality Feeds Limited | UDD Urban Design & Development Ltd. |
| incepta | Edison Properties | Ventura properties |
| Pacific Jeans | | DERH |

বিশ্ব জয় করে
এ এ সি ব্লক
এখন বাংলাদেশে

## নেক্সটব্লক অটোক্লেভড্-এর পণ্যসমূহের বিবরণ

নেক্সটব্লক অটোক্লেভড্ মূলত ৩ (তিন) ধরনের কম্প্রেসিভ স্ট্রেংথ-এর এএসি ব্লক উৎপাদন করে।

১। স্ট্যান্ডার্ড - ৪.০ MPa
২। সুপ্রিম - ৫.০ MPa
৩। এক্সট্রিম - ৬.০ MPa

বুয়েট পরীক্ষিত | পিডাব্লিউডি অধিভুক্ত | এইচবিআরআই স্বীকৃত










# নেক্সটব্লক অটোক্লেভড্-এর এএসি ব্লক ব্যবহার প্রণালী




**ধাপ ১**

নেক্সটব্লক কেনার ২ সপ্তাহের মধ্যে ব্যবহার করতে হবে




**ধাপ ২**

মেঝে পরিস্কার ও সমতল করে নিতে হবে




**ধাপ ৩**

এএসি ব্লক ব্যবহারের আগে ১০–১৫ মিনিট পানিতে ভিজিয়ে নিতে হবে




**ধাপ ৪**

মেঝেতে পুরু মর্টার ব্যবহার করতে হবে এবং পৃষ্ঠটি সমতল কিনা নিশ্চিত করতে হবে। মর্টার ব্যবহারের আগে মেঝে ও কলামে সঠিকভাবে খোদাই করে নিতে হবে।



**ধাপ ৫**

একটি এএসি ব্লক নিয়ে সমানভাবে দেয়াল ও মেঝের মর্টার–এর উপর স্থাপন করতে হবে




**ধাপ ৬**

একইভাবে পাশাপাশি এএসি ব্লক স্থাপন করে প্রথম লেয়ার পূর্ণ করতে হবে



**ধাপ ৭**

প্রথম লেয়ার সমতল কিনা নিশ্চিত করতে একটি ওয়াটার লেভেল ব্যবহার করতে হবে




**ধাপ ৮**

একটি কার্বাইড–টিপড হ্যান্ড স (করাত) দিয়ে প্রয়োজনীয় আকৃতি অনুসারে ব্লক সমানভাবে কেটে নিতে হবে




**ধাপ ৯**

ব্লকের জয়েন্টগুলোতে ৮–১২ মি.মি. মর্টার প্রয়োগ করতে হবে




**ধাপ ১০**

প্রয়োজনে একটি রাবার মেলেট দিয়ে হালকাভাবে পিটিয়ে ব্লক সমান করতে হবে




**ধাপ ১১**

উপরের শেষ স্তরে ও ছাদের মধ্যে ২–৩ সে.মি. ফাঁকা রাখতে হবে এবং কংক্রিট মিশ্রণ দিয়ে ফাঁকা স্থান পূরণ করে দিতে হবে




**ধাপ ১২**

বালি ও সিমেন্ট–এর মর্টার ব্যবহারের পর ৭ দিন কিউরিং আবশ্যক



**ধাপ ১৩**

ব্লক স্থাপন সম্পন্ন হবার ২১ দিন পর প্লাস্টার শুরু করতে হবে



**ধাপ ১৪**

দেয়ালের কাজ সম্পূর্ণ হওয়ার পর বাইরের দেয়ালে ১০–১৫ মি.মি. প্লাস্টার করতে হবে এবং ৭ দিন প্লাস্টার কিউরিং করতে হবে



**ধাপ ১৫**

প্লাস্টার সম্পন্ন হওয়ার ১৫ দিন পর ওয়াল পুটি ও রঙ ব্যবহার করা যাবে। দেয়ালে রঙ করে ভালো ফল পেতে প্লাস্টার সম্পূর্ণভাবে শুকাতে হবে

ECO FRIENDLY
GREEN BRICKS

## যোগাযোগ

# ইকো ফ্রেন্ডলি গ্রিন ব্রিকস লিমিটেড


**কর্পোরেট কার্যালয়:**
বাড়ি: ২৬, রোড: ৭, ব্লক: জি, বনানী, ঢাকা-১২১৩

| | | |
|---|---|---|
| হটলাইন | : | +৮৮০ ১৩২১ ২০৬ ৭৮০ |
| ইমেইল | : | info@nextblock.build |
| ওয়েবসাইট | : | www.nextblock.build |
| ফেসবুক | : | www.facebook.com/nextblockbd |
| লিংকডইন | : | nextblock autoclaved |

**ফ্যাক্টরি:**
গ্রাম: উত্তর লক্ষিন্দর, পোস্ট অফিস: সাগরদিঘি,
থানা: ঘাটাইল, জেলা: টাঙ্গাইল
মোবাইল: +৮৮০ ১৩২১ ২০৬ ৮০০